# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৫২৪৬

পর্ব-২৬: মন-গলানো উপদেশমালা (كتاب الرقاق)

পরিচ্ছেদঃ দ্বিতীয় অনুচ্ছেদ - গরীবদের ফযীলত ও নবী (সা.) -এর জীবন-যাপন

اَلْفصْلُ الثَّنِفْ - (بَابُ فَضْلِ الْفُقَرَاءِ وَمَا كَانَ مِنْ عَيْشِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ)

## আরবী

وَعَنْ أَبِي الدَّرْدَاءَ عَنِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: «ابْغُونِي فِي ضُعَفَائِكُمْ فَإِنَّمَا تُرْزَقُونَ - أَوْ تُنْصَرُونَ - بِضُعَفَائِكُمْ» . رَوَاهُ أَبُو دَاوُدَ

صحيح ، رواه ابوداؤد (3594) ۔
(صَحِيح)

## বাংলা

৫২৪৬-[১৬] আবু দারদা (রাঃ) নাবী (সা.) হতে বর্ণনা করেন। তিনি (সা.) বলেছেন: “তোমাদের দুর্বলদের মধ্যে আমাকে খোঁজ করো”। কেননা তোমাদের দুর্বলদের ওয়াসীলায় তোমাদেরকে রিযক দান করা হয়, অথবা (বলেছেন) সাহায্য করা হয়। (আবু দাউদ)

## ফুটনোট

সহীহ : সহীহ আবু দাউদ ২৩৩৫, সহীহুল জামি ৪১, সিলসিলাতুস সহীহাহ্ ৭৭৯, আল মুসতাদরাক লিল হাকিম ২৫০৯, আবু দাউদ ২৫৯৪, তিরমিযী ১৭০২, সহীহ আত্ তারগীব ওয়াত তারহীব ৩২০৬, সহীহ ইবনু হিব্বান ৪৭৬৭, আল . মুসতাদরাক লিল হাকিম ২৫০৯, আস্ সুনানুল কুবরা লিল বায়হাকী ১৩২৮৫।

## ব্যাখ্যা

ব্যাখ্যা : তোমরা দুর্বলদের মাঝে আমাকে সন্ধান কর, এর অর্থ তাদের ভালোবাসার মাধ্যমে আমার সন্তুষ্টি সন্ধান কর।(ضُعَفَاء) দ্বারা উদ্দেশ্য ফকীর, মিসকীন; তাদের মাঝে’ মানে, তাদের প্রতি ইহসানের মাধ্যমে।
‘তোমরা দুর্বলদের কারণে সাহায্যপ্রাপ্ত হও', এর অর্থ শত্রুদের বিরুদ্ধে প্রকাশ্য এবং অপ্রকাশ সাহায্য পেয়ে থাক।

কেননা তাদের মধ্যে থাকে আল্লাহর অতীব প্রিয় বান্দা ও ওয়ালী, যাদের আল্লাহর অতীব নিকটে। হাদীসে কুদসীতে রয়েছে- “যে আমার ওয়ালীকে কষ্ট দেয় আমি তার সাথে যুদ্ধ ঘোষণা করি”। (মিরক্বাতুল মাফাতীহঃ তুহফাতুল আহওয়াযী ৫ম খণ্ড, হা. ১৭০২)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ আবুদ দারদা (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=85225

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন